

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর,
ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ
উপপরিচালকের দপ্তর



নৈতিকতা কমিটির ২য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ জাহাজীর আলম উপপরিচালক
সভার তারিখ	০৬ ডিসেম্বর ২০২২ খ্রিস্টাব্দ
সভার সময়	২.৩০ ঘটিকা
স্থান	উপপরিচালকের কার্যালয়ের সভাকক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট 'ক'

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব সভাকে জানান যে, নৈতিকতা কমিটির ১ম সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করা হয়েছে। উক্ত কার্যবিবরণীর উপর কোন সংশোধনী প্রস্তাব থাকলে তা উপস্থাপনের জন্য সদস্যগণকে অনুরোধ জানানো হয়। এ প্রেক্ষিতে সভায় উপস্থিত সদস্যগণ বিগত সভার কার্যবিবরণী পেয়েছেন এবং কোন সংশোধনী নেই মর্মে সভাকে অবহিত করেন। কোস সংশোধনী প্রস্তাব না থাকায় বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে নিশ্চিত করা হয়।

অতপর সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২২-২৩ এর অন্তর্গত সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদন ক্ষেত্রের (মন্ত্রীপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত) আওতাধীন শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর লক্ষ্যমাত্রার বিপরীতে ১ম ত্রৈমাসিক ও ২য় ত্রৈমাসিকের ১ম দুই মাসের অর্জনে সন্তোষ প্রকাশ করা হয়। সভায় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর অন্তর্গত শুদ্ধাচার ও দুর্নীতি প্রতিরোধে সহায়ক কার্যক্রমের আওতায় গ্রহীত “রাজস্ব বাজেটের আওতায় বাস্তবায়িতব্য প্রশিক্ষণ কার্যক্রম পরিবীক্ষণ” বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। কার্যক্রম বাস্তবায়নে দুর্নীতি প্রতিরোধ ও স্বচ্ছতা রক্ষার স্বার্থে সভাপতি প্রশিক্ষণ বাস্তবায়নে সংশ্লিষ্ট নির্দেশাবলী ও বরাদ্দপত্রে উল্লেখিত বিষয়সমূহের পরিপূর্ণ অনুসরণের নির্দেশনা প্রদান করেন। বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতভাবে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

সিদ্ধান্ত ১

রাজস্ব বাজেটের আওতায় বাস্তবায়িতব্য প্রশিক্ষণ কার্যক্রম পরিবীক্ষণপূর্বক নিম্নের ছকে প্রতিবেদন অব্যবহিত নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের কার্যালয়ে প্রেরণ ও প্রমাণক হিসাবে সংরক্ষণ করতে হবে।

রাজস্ব বাজেটের আওতায় বাস্তবায়িতব্য প্রশিক্ষণ কার্যক্রম পরিবীক্ষণ

পরিবক্ষণকারী কার্যালয়:

ক্রম	তারিখ	প্রশিক্ষণের বিষয়	বাস্তবায়নকারী কার্যালয়	প্রশিক্ষণার্থীর সংখ্যা (জন)	বরাদ্দ (টাকা)	পরিবীক্ষণের ধরণ (সরাসরি/অনলাইন)	পরিবীক্ষণকারী কর্মকর্তার স্বাক্ষর	প্রযোজ্য ক্ষেত্রে স্থিরচিত্র
------	-------	-------------------	--------------------------	-----------------------------	---------------	---------------------------------	-----------------------------------	------------------------------

সিদ্ধান্ত ২

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ২য় ত্রৈমাসিক (অক্টোবর ২০২২-ডিসেম্বর ২০২২) বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ১৭ জানুয়ারির মধ্যে অব্যবহিত নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করতে হবে।

আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



মোঃ জাহাঙ্গীর আলম
উপপরিচালক

স্মারক নম্বর: ৩৩.০২.৬১০০.৩০৮.৪৪.০০৭.১৯.৪২০

তারিখ: ২৬ অগ্রহায়ণ ১৪২৯
১১ ডিসেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) জেলা মৎস্য কর্মকর্তা (সকল), ময়মনসিংহ বিভাগ
- ২) সিনিয়র সহকারী পরিচালক, নেত্রকোণা/শেরপুর
- ৩) সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, ময়মনসিংহ সদর
- ৪) সহকারী পরিচালক, ময়মনসিংহ
- ৫) মোঃ শফিকুল ইসলাম, খামার ব্যবস্থাপক, মৎস্য বীজ উৎপাদন খামার, মাসকান্দা, ময়মনসিংহ



মুহাম্মদ সালাহ উদ্দীন কবির
সহকারী পরিচালক